

To Notice Board
Website
S. Bhattacharya
23/2/23



ঢাকা বিশ্ববিদ্যালয়
অতি জরুরী বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তিটি সম্পূর্ণ পড়ার
জন্য অনুরোধ করা হলো।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীনে পরিচালিত অনুষদীয় ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২০ সনের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের (অনুষদ ভিত্তিক বিভাগ ওয়ারি) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত সরকারি টেলেন্টপুল বৃত্তি ও সরকারি সাধারণ বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)। বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীরা ১৬/০২/২০২৩ তারিখ (সকাল-০৯:০০টা) হতে ২৫/০২/২০২২ তারিখ (রাত-১২:০০টা) পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃত্তির ওয়েব সাইটে (<https://studentscholarship.du.ac.bd/>) গিয়ে অনলাইনে বৃত্তির আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের বিস্তারিত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে উল্লেখ রয়েছে।

২০২০ সনের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীদের (সংযুক্ত তালিকা অনুযায়ী) উক্ত তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে গিয়ে বাধ্যতামূলক অনলাইনে আবেদন করতে হবে। নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী আবেদন না করলে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা বৃত্তির টাকা পাবে না।

বৃত্তির টাকা উত্তোলনের জন্য শিক্ষার্থীর নিজ নামে অনলাইন সুবিধা সম্পন্ন ১৩-১৭ ডিজিটের ব্যাংক একাউন্ট থাকতে হবে। ব্যাংক একাউন্ট না থাকলে, অনতিবিলম্বে তফসিলভুক্ত অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন ব্যাংকে একাউন্ট খুলতে হবে। ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোন পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব নয়। মোবাইল ব্যাংকিং, বিকাশ ও রকেট গ্রহণযোগ্য নয়।

শিক্ষার্থীদের বৃত্তির আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয়:

- ১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসিলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে।
- ২। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।
- ৩। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
- ৪। বিকাশ, শিউর ক্যাশ নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা।
- ৫। শিক্ষার্থীর সর্বশেষ পরীক্ষার নাম ও সাল, রেজিস্ট্রেশন নম্বর, প্রাপ্ত জিপিএ সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৬। শিক্ষার্থীর ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৭। আবেদনের সাথে শিক্ষার্থীর ব্যাংক হিসাবের চেক বইয়ের উপরের পাতার ছবি আপলোড করে দিতে হবে।
- ৮। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল (Active) থাকতে হবে।

অনলাইনে আবেদন সংক্রান্ত সমস্যা হলে যোগাযোগের জন্য- ০১৫৮১৮৪৬৫০০

(শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে সকাল-০৯.০০টা থেকে বিকেল- ৪.০০টা পর্যন্ত)।

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/ ৫৬-৪২২- সি

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ০ঃ

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৬। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়
(বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্বাক্ষরিত/-
(শিউলি আফছার)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়।
তারিখঃ ০২/০২/১৪২৯ বঙ্গাব্দ
২৫/০২/২০২৩ খ্রি:

(শিউলি আফছার)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়।